

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নং: ৫৯.০০.০০০০.১৪০.১৪.০০৬.২২.৬২৮

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০
২৩ নভেম্বর ২০২৩

গবেষণা প্রস্তাব আহ্বান

‘সমৰ্পিত স্বাস্থ্য-বিজ্ঞান গবেষণা ও উন্নয়ন তহবিল কার্যক্রম পরিচালনা সম্পর্কিত নীতিমালা-২০২১ (সংশোধিত)’ এর আওতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অর্থ বিভাগের তহবিল থেকে গবেষণার জন্য ২০২৩-২৪ অর্থবছরে আর্থিক মঙ্গুরি প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়বস্তুর ওপর গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

(১) গবেষণার বিষয়াবলি:

- | | |
|---|---|
| 1. Public Health Issues; | 9. Vaccine and new Drug Development; |
| 2. Non Communicable Disease; including Mental Health, Injury and it's Risk Factors; | 10. Biomedical Engineering; |
| 3. Infectious Diseases; | 11. All branches of Medical Education; |
| 4. Common and Emerging Diseases; | 12. Health System Research; |
| 5. All phases of trial (Pre-clinical/ Clinical) including Animal Studies; | 13. Neglected Tropical Diseases; |
| 6. Basic Medical Science; | 14. Maternal and Child Health, Issues related to Elderly and Adolescent Health; |
| 7. Pandemic Potential Diseases; | 15. Nutrition, Food Safety and Food Security; and |
| 8. Genetic Study; | 16. SDG, Universal Health Coverage and Revitalizing Primary Health Care. |

(২) আবেদনের শর্তাবলী:

- ক) গবেষককে/গবেষণাকারী প্রতিষ্ঠানকে (প্রিসিপাল ইনভেস্টিগেটর) বাংলাদেশি নাগরিক হতে হবে এবং বাংলাদেশে অবস্থান করতে হবে। আবেদনের সাথে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের কপি দাখিল করতে হবে;
- খ) গবেষণাটি বাংলাদেশে পরিচালনা করতে হবে;
- গ) প্রধান গবেষককে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রিখারী বিশেষজ্ঞ/গবেষক হতে হবে এবং প্রস্তাবিত গবেষণা বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হবে;
- ঘ) সরকারি, বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন;
- ঙ) আবেদনকারী গবেষণার জন্য কোনো সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত অথবা দেশের অথবা বিদেশের যেকোনো প্রতিষ্ঠান হতে আর্থিক সহায়তা নেননি মর্মে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে;
- চ) আবেদনকারীর বয়স হবে (দরখাস্ত করার সময়) সর্বোচ্চ ৬০ বছর। দক্ষতা, অভিজ্ঞতা ও সুনাম বিবেচনায় বয়সসীমা শিথিলযোগ্য হবে;
- ছ) আবেদন ফরম অনুযায়ী গবেষণা প্রস্তাবের সাথে অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি/দলিল সন্নিবেশিত করতে হবে। অসম্পূর্ণ আবেদন/গবেষণা প্রস্তাব বাতিল বলে গণ্য হবে;
- জ) গবেষণার অভিজ্ঞতা, পাবলিকেশন ইত্যাদিসহ প্রধান গবেষকের পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (৩ পৃষ্ঠার অধিক নয়) ও সহ গবেষকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত (১ পৃষ্ঠার অধিক নয়) সংযোজন করতে হবে;
- ঝ) যে প্রতিষ্ঠানে গবেষণা করা হবে, সে প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে অনুমতি নিয়ে তা আবেদনের সাথে দাখিল করতে হবে;

- ট) একজন গবেষক প্রিসিপাল ইনভেস্টিগেটর (PI)/কো-প্রিসিপাল ইনভেস্টিগেটর (Co-PI)/কো-ইনভেস্টিগেটর (Co-Investigator) হিসাবে সর্বোচ্চ ২ টি প্রটোকলের সাথে সংযুক্ত থাকতে পারবেন।
- ঠ) ইতোমধ্যে এই তহবিল হতে কেউ প্রিসিপাল ইনভেস্টিগেটর (PI) হিসাবে একটি প্রটোকল এ্যাওয়ার্ড পেয়ে থাকলে তিনি এই বিজ্ঞপ্তির আওতায় আর একটি প্রটোকল জমা দিতে পারবেন। কিন্তু কেউ দুইটি প্রটোকলে এ্যাওয়ার্ড পেয়ে থাকলে উক্ত গবেষণা সমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি এই বিজ্ঞপ্তির আওতায় আবেদন করতে পারবেন না।
- ড) গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবে নির্বাচিত হলে আবেদনকারী/আবেদনকারী প্রতিষ্ঠানকে স্ব স্ব ইনস্টিউট থেকে ইথিক্যাল ক্লিয়ারেন্স নিতে হবে। ইনস্টিউটভিত্তিক আবেদনকারী না হলে বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল (বিএমআরসি) থেকে ইথিক্যাল ক্লিয়ারেন্স নিতে হবে; এবং
- ঢ) চুক্তি স্বাক্ষরের তারিখ হতে গবেষণাকাল হবে অনুর্ধ্ব ২ বছর।

(৩) আবেদন জমাদানের নিয়মাবলী:

- ক) প্রটোকল/গবেষণা প্রস্তাব নির্ধারিত আবেদন ফরমে প্রস্তুতপূর্বক দাখিল করতে হবে। আবেদন ফরম এবং নীতিমালা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট (www.mefwd.gov.bd) এবং স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইট (www.hsd.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে;
- খ) প্রস্তুতকৃত প্রটোকল/গবেষণা প্রস্তাব এর ২টি হার্ড কপি (স্পাইরাল বাইন্ডিংকৃত) একটি প্লাস্টিক ক্লিয়ার ব্যাগ অথবা ফোল্ডারে রেখে খামের ভিতরে জমা দিতে হবে। এর সাথে প্রস্তুতিবিত প্রটোকলের স্ক্যানকপি/সফটকপির সিডি উক্ত খামের ভিতরে রেখে দাখিল করতে হবে;
- গ) খামের উপরে প্রটোকলের টাইটেল, প্রিসিপাল ইনভেস্টিগেটর (PI) এর নাম, মোবাইল নাম্বার ও গবেষণার বিষয় প্রেরক অংশে উল্লেখ করতে হবে। প্রটোকলের একটি শর্ট টাইটেল (২৫ অক্ষরের বেশি নয়) খামের উপরে উল্লেখ করতে হবে;
- ঘ) প্রটোকলের হার্ডকপি জমাদানের পর অফিস কর্তৃক একটি প্রটোকল নাম্বার সরবরাহ করা হবে। পরবর্তীতে প্রটোকলের স্ক্যানকপি/সফটকপি hsr.mefwd@gmail.com এই ইমেইলে প্রেরণ করতে হবে এবং ই-মেইলের সাবজেক্ট হিসাবে প্রটোকল নাম্বারটি লিখতে হবে; এবং
- ঙ) আগামী ২২/০১/২০২৪ খ্রি তারিখ অফিস সময়ের মধ্যে (সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত, শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী ইংরেজিতে প্রস্তুতকৃত প্রটোকল/গবেষণা প্রস্তাব; বুম নম্বর-৯১৩, ৯ম তলা, ন্যাশনাল ইনসিটিউট অব নিউরোসাইন্স এন্ড হসপিটাল, আগারগাঁও, ঢাকায় দাখিল করতে হবে।



২৩.১১.২০২৩

(মল্লিকা খাতুন)

যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ও

সদস্য-সচিব

সমন্বিত স্বাস্থ্য-বিজ্ঞান গবেষণা ও উন্নয়ন তহবিল
কার্যক্রম পরিচালনা সম্পর্কিত জাতীয়/বাহাই কমিটি